

ার্যা নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(১৭) (لَا إِلَكَ إِلاَّ اللَّهُ) আল্লাহ ছাড়া সত্য কোন মা'বুদ নেই এ কথার দলীল কী?

''আল্লাহ্ ব্যতীত সত্য কোন উপাস্য নেই।'' একথার সাক্ষ্য দেয়ার দলীল হলো, আল্লাহর বাণীঃ

شَهِدَ اللَّهُ أَنَّهُ لاَ إِلَهَ إِلاَّ هُوَ وَالْمَلاَئِكَةُ وَأُولُوا الْعِلْم قَائِمًا بِالْقِسْطِ لاَ إِلَهَ إِلاَّ هُوَ الْعَزِيزُ الْحَكِيمُ

"আল্লাহ্ সাক্ষয দিয়েছেন যে, তিনি ছাড়া আর কোন সত্য উপাস্য নেই। ফেরেশতাগণ এবং ন্যায়নিষ্ঠ জ্ঞানীগণও সাক্ষয দিয়েছেন যে, তিনি ব্যতীত আর কোন সত্য ইলাহ্ নেই। তিনি পরাক্রমশালী ও প্রজ্ঞাময়"। (সূরা আল-ইমরানঃ ১৮) আল্লাহ্ তা'আলা বলেনঃ

فَاعْلَمْ أَنَّهُ لاَ إِلَهَ إِلَّا اللَّهُ

"হে নবী! আপনি জেনে নিন যে, আল্লাহ ব্যতীত কোন সত্য উপাস্য নেই"। (সূরা মুহাম্মাদঃ ১৯) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

وَمَا مِنْ إِلَهٍ إِلاَّ اللَّهُ

''আল্লাহ ব্যতীত কোন সত্য মা'বুদ নেই"। (সূরা আল-ইমরানঃ ৬২) আল্লাহ্ তাআলা বলেনঃ

مَا اتَّخَذَ اللَّهُ مِنْ وَلَد وَمَا كَانَ مَعَهُ مِنْ إِلَهٍ

"আল্লাহ তা'আলা কাউকে সন্তান হিসাবে গ্রহণ করেননি। আর তাঁর সাথে অন্য মাবুদও নেই"। (সূরা মুমিনূনঃ ৯১) আল্লাহ্ তাআলা বলেনঃ

قُلْ لَوْ كَانَ مَعَهُ آلِهَةٌ كَمَا يَقُولُونَ إِذًا لأَبْتَغَوْا إِلَى ذِي الْعَرْشِ سَبِيلاً

"হে নবী! আপনি বলে দিন যে, তাদের কথামত যদি তাঁর সাথে অন্য কোন উপাস্য থাকত; তবে তারা আরশের মালিক পর্যন্ত পৌঁছার রাস্তা অম্বেষণ করত"। (সূরা বানী ইসরাঈলঃ ৪২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2034

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন